

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.২০৭.১৪.০১৩.১৫(অংশ-৪) ৮৬

তারিখঃ ২২/১/২০২০

বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ে কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অর্ধ-বার্ষিকী মূল্যায়ন পর্যালোচনা প্রশিক্ষণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯ ও ২০ জুন ২০১৯ তারিখ জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের সাথে যথাক্রমে সংস্থার ৬৪ জেলা ও ৫০ উপজেলা কার্যালয়ের কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়।

২। APA ক্যালেন্ডার অনুযায়ী প্রতি ৩ মাস অন্তর অন্তর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। এছাড়াও ৬ মাস অন্তর অর্ধ-বার্ষিক মূল্যায়ন (APA ক্যালেন্ডার অনুযায়ী) ৩১ জানুয়ারি ২০২০ এর মধ্যে সম্পন্ন করে ফলাবর্তক প্রতিবেদন (Feedback) মন্ত্রণালয়কে প্রেরণ করতে হবে।

৩। এতাবস্থায়, সংস্থার মাঠ পর্যায়ের ২০১৯-২০ অর্থ বছরের অর্ধ-বার্ষিক মূল্যায়নের লক্ষ্যে আগামী ২৬/০১/২০২০ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে (৭ম তলায়) অবস্থিত কনফারেন্স রুম উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, ২০১৯-২০ অর্থ বছরের APA চুক্তি এবং অর্ধ-বার্ষিকী মূল্যায়নের সংযুক্ত ফরম পূরণ পূর্বক হার্ডকপি ও সফট কপি (Nikosh Font এ) সঙ্গে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। APA অর্ধ-বার্ষিকী মূল্যায়ন ফরম (APA চুক্তি অনুযায়ী অর্ধ-বার্ষিকী অগ্রগতি পূরণ পূর্বক সঙ্গে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।)


(কাজল ইসলাম, এন।ডি।সি)
নির্বাহী পরিচালক (অতিঃসচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোনঃ ৯৩৪২৩৪১

বিতরণ (কার্যার্থে) :

- ১। জাতীয় মহিলা সংস্থার APA টিমের সদস্যগণ।
- ২। নিম্নোক্ত জেলাসমূহের নির্বাহী অফিসার/জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-
(ঢাকা, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর, নেত্রকোনা, সুনামগঞ্জ, নাটোর, সিরাজগঞ্জ, কুষ্টিয়া, রাজবাড়ী, লক্ষীপুর, খাগড়াছড়ি, কক্সবাজার, নীলফামারী, নওগাঁ, কিশোরগঞ্জ, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, মৌলভীবাজার, মেহেরপুর, যশোর, চুয়াডাঙ্গা, নড়াইল, গোপালগঞ্জ, পটুয়াখালী, শরিয়তপুর, ভোলা, চাঁদপুর, নোয়াখালী, বগুড়া, গাজীপুর, জামালপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, পিরোজপুর, বরিশাল, ঝিনাইদহ জেলা কার্যালয়) জাতীয় মহিলা সংস্থা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা চেয়ারম্যান, উপরোক্ত জেলা সমূহ, জাতীয় মহিলা সংস্থা।
- ২। সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক(কম্পিউটার), সংযুক্ত, জামস (পত্রটি সংস্থার ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৩। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জামস।
- ৪। অফিস কপি।